গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | কামরুন নাহার<br>উপপরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর |
| সভার তারিখ | ১৫/১২/২০২১ ইং |
| সভার সময় | বেলা ১১:০০ টা |
| স্থান | উপপরিচালক(প্রশাসন) এর সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক জানান যে,মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন এর বিষয় অর্ন্তভুক্ত করা হয়েছে। বিগত ২০১৫ সালে অত্র দপ্তরের সিটিজেন চার্টার আপগ্রেড করার লক্ষ্যে ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছিল। বর্তমান কর্মপরিকল্পনা অনুযায়ী ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখার ০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.১৭৯ নং পত্রের মাধ্যমে ৩-৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অত্র দপ্তরে গত ২৯/০৯/২১ ইং তারিখে ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়েছে। আজ উক্ত কমিটির ১ম সভা আহবান করা হয়েছে।

০২।সভায় জানানো হয়, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুচ্ছেদ ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড, অনুচ্ছেদ ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন,বিধি-বিধান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০৪টি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহন করতে হবে। অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

০৩। <u>আলোচনা:</u>

(ক) সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি সঠিকভাবে প্রস্তুত ও পরিবীক্ষণ করার জন্য গঠিত কমিটিতে প্রশিক্ষণ শাখার সিনিয়র ইন্সট্রাক্টর শাহীন সুলতানাকে কোঅপ্ট করার বিষয়ে সম্মানিত সদস্য প্রোগ্রাম অফিসার (ই- সার্ভিস) মর্জিনা ইয়াসমীন প্রস্তাব করেন।

(খ) অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন,বিধি-বিধান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০৪টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।আগামী জানুয়ারী ২০২২ মাসে এ সংক্রান্ত ২টি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।

(গ) অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মার্চ/২০২১ এ এবং মে/২০২১ এর মধ্যে ০২টি অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।

০৪।<u>সিদ্ধান্ত:</u>

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত এ পরীবিক্ষণ এর জন্য কমিটিতে প্রশিক্ষণ শাখার সিনিয়র ইন্সট্রাক্টর শাহীন সুলতানাকে কোঅপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন,বিধি-বিধান এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে জানুয়ারী/২০২২ মাসের মধ্যে ২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

(গ)অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে মার্চ/২০২১ এ এবং মে/২০২১ এর মধ্যে ০২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

(ঘ)সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি দ্রুত হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

(ঙ)সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরতে হবে।

০৫।আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কামরুন নাহার)
উপরিচালক(প্রশাসন)
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০১.০৫.৪৯৩.০৭-১০৪৯ তাং- ১৫/১২/২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

০১। উপপরিচালক (প্রশাসন),মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০২। প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস), মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০৩। শাহীন সুলতানা, সিনিয়র ইন্সট্রাকক্টর,প্রশিক্ষণ শাখা,মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।
০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েবসাইট) ,ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ, মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।।
০৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।।
০৬। অফিস কপি।

(ডালিয়া মৌসুমী খান)
সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
মহিলা বিষয়ক অধিদপ্তর,ঢাকা।